

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সরেজমিন বিভাগ, সম্প্রসারণ শাখা
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫১২.১৬.২৫৯.২৬-৩৮৭৮

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
১০ জুন ২০২৬

বিষয়: বৃক্ষ রোপন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত তথ্য প্রেরণ ও সংরক্ষণ।

সূত্র: (১) ৪৭.৬২.০০০০.০০০.৫১২.১৬.০০০১.২৬.১৬; তারিখ: ১৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ।
(২) ৪৭.৬২.০০০০.০০০.৫১২.১৬.০০০১.২৬.৩৩১৭; তারিখ: ১৮ মে ২০২৬ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্ব-০১ নং পত্র মূলে সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়ন ও বিআরডিবি'র বৃক্ষ রোপন কার্যক্রমের লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে বন বিভাগ, স্থানীয় নার্সারী ও অন্যান্য উৎস হতে চারা সংগ্রহপূর্বক উপকারভোগীদের মাঝে প্রশিক্ষণ ও ঋণ বিতরণকালীন লক্ষ্যমাত্রা অনুযায়ী চারা বিতরণ কার্যক্রম সম্পন্ন করে তার তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প) বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছিল।

০২। মন্ত্রণালয়ের চাহিদামতে সূত্রস্ব-০২ নং পত্র মূলে বিআরডিবি কর্তৃক বিতরণকৃত চারার তথ্য প্রতি ১৫ (পনের) দিন অন্তর অন্তর নির্ধারিত ছক মোতাবেক প্রত্যেক মাসের ১৫ ও ৩০ তারিখ এর মধ্যে জেলার একীভূত প্রতিবেদন যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প) বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

০৩। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক জেলা থেকেই নিয়মিত প্রতিবেদন প্রেরণ করা হয়না; যা কোন ভাবেই কাম্য নয়। মে/২৬ পর্যন্ত যে সমস্ত জেলা থেকে প্রতিবেদন পাওয়া গেছে তাদের অগ্রগতি খুবই হতাশাজনক। ফলে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এ ব্যাপারে চরম অসন্তোষ প্রকাশ করা হয়েছে।


০৪। উল্লেখ্য, বৃক্ষ রোপন কার্যক্রম বর্তমান সরকারের গুরুত্বপূর্ণ নির্বাচনী অঙ্গীকার হওয়ায় বিআরডিবি'র কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) বিআরডিবিভুক্ত যে কোন প্রকল্প/কর্মসূচি'র প্রশিক্ষণ ও ঋণ বিতরণের সময় উপকারভোগীদের মাঝে বাধ্যতামূলকভাবে চারা বিতরণ করতে হবে;
- (খ) বন বিভাগ থেকে বিনামূল্যে চারা সংগ্রহপূর্বক সমিতি/দলের সদস্যদের মধ্যে বিতরণ করতে হবে;
- (গ) বিতরণকৃত চারার তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক নির্ভুলভাবে উপজেলা দপ্তরে রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীকালে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট টাঙ্ক ফোর্স টিম কর্তৃক সরেজমিনে যাচাই করা হতে পারে।

ছক

ক্র. নং	নাম	ঠিকানা	এনআইডি নম্বর	মোবাইল নম্বর	বিতরণের তারিখ	বৃক্ষের প্রকার	বিতরণকৃত চারার সংখ্যা	মন্তব্য

০৫। এমতাবস্থায়, বিষয়টি বিআরডিবি'র ভাবমূর্তির সাথে সংশ্লিষ্ট হওয়ায় সর্বোচ্চ গুরুত্ব প্রদান পূর্বক নির্দেশনা মোতাবেক চারা বিতরণ, তথ্য সংগ্রহ ও প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে ব্যর্থতার বিষয়টি সংশ্লিষ্টদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) এ প্রতিফলন হতে পারে।


মোহাম্মদ মনোয়ার উজ্জ্বল
পরিচালক (সরেজমিন)


উপপরিচালক, জেলাদপ্তর (সকল)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫১২.১৬.২৫৯.২৬-৩৮৭৮

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
১০ জুন ২০২৬

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। যুগ্মপরিচালক, বিআরডিবি, বিভাগীয় কার্যালয়, বিভাগ।
- ২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল), উপজেলা, জেলা।
- ৫। পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংশ্লিষ্ট/অফিস কপি।



মোহাম্মদ হাবিবুল্লাহ
উপপরিচালক (সম্প্রসারণ)